# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 29, 1432 Bangla, March 14, 2026, Saturday, No. 73, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has visited Evercare Hospital in Dhaka to see his political adviser & BNP Standing Committee member Mirza Abbas, who is undergoing treatment there due to serious illness. [BBC: 03]

Local Government, Rural Development & Co-operatives Minister Mirza Fakhrul Islam Alamgir has said the government will prioritize merit over recommendations or lobbying in all aspects of employment. [Jago FM: 11]

Ahead of Eid travel rush, adequate fuel supply for public transport will be ensured from Sunday next. So, there is no risk of a fare hike in public transport due to fuel shortages --said Road Transport and Bridges Minister. [Jago FM: 11]

Nahid Islam, convenor of the NCP, has demanded the swift impeachment and arrest of President Mohammed Shahabuddin, calling him a 'collaborator of fascism.' [Jago FM: 10]

Various organizations have issued statements condemning the adoption of a condolence motion in the names of convicted war criminals in the first session of 13th Parliament. In a statement, Communist Party of Bangladesh described it as an extreme betrayal. [BBC: 03]

Kishoreganj is facing a severe diesel crisis due to disruptions in international energy supplies as a result of ongoing tensions in the Middle East. Boro farmers in the haor areas are the worst affected. [Jago FM: 13]

The United Arab Emirates has warned that publishing images of damage or other incidents from Iran's attacks could result in fines, imprisonment and deportation. [BBC: 06]

UK Foreign Secretary Yvette Cooper has accused Russia and Iran of attempting to "hijack the global economy" as attacks disrupt shipping through the Strait of Hormuz. [BBC: 07]

In a statement, Iran's Supreme Leader Mojtaba Khamenei vowed revenge against United States and Israel and said the Strait of Hormuz will be closed to shipping as a tool to put pressure on the enemy.[NHK: 08]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ফাল্গুন ২৯, বাংলা ১৪৩২, মার্চ ১৪, ২০২৬, শনিবার, নং- ৭৩, ৫৬তম বছর**

# শিরোনাম

গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাসকে দেখতে হাসপাতালে গিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [বিবিসি: ০৩]

তদবির নয়, সরকার সব ক্ষেত্রে মেধার গুরুত্ব দেবে বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। [জাগো এফএম: **১১**]

ঈদযাত্রা সামনে রেখে গণপরিবহনের জন্য রোববার থেকে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ নিশ্চিত করা হবে। ফলে জ্বালানি সংকটের কারণ দেখিয়ে গণপরিবহনে ভাড়া বাড়ার কোনো আশঙ্কা নেই --বলেছেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী। [জাগো এফএম: **১১**]

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, ফ্যাসিস্টের দোসর রাষ্ট্রপতি চুপ্পুকে অতি দ্রুত অভিশংসনের মাধ্যমে অপসারণ করে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হবে। পাশাপাশি, তাকে গ্রেফতার করতে হবে। [জাগো এফএম: ১০]

জাতীয় সংসদের প্রথম অধিবেশনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া যুদ্ধাপরাধীদের নামে শোকপ্রস্তাব গ্রহণ করায় নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে বিভিন্ন সংগঠন। এক বিবৃতিতে এই ঘটনাকে ‵চরম বিশ্বাসঘাতকতা, বলে উল্লেখ করেছে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি। [বিবিসি: ০৩]

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রভাবে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ব্যাহত হওয়ায়, কিশোরগঞ্জে ডিজেলের তীব্র সংকট দেখা দিয়েছে। এতে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন হাওরাঞ্চলের বোরো চাষীরা। [জাগো এফএম: **১৩**]

ইরানের হামলায় ক্ষয়ক্ষতি বা অন্যান্য ঘটনার ছবি প্রকাশ করলে ”জরিমানা, কারাদণ্ড এবং নির্বাসন„ দেওয়া হতে পারে বলে সতর্ক করেছে সংযুক্ত আরব আমিরাত। [বিবিসি: ০৬]

হরমুজ প্রণালি দিয়ে নৌযান চলাচলে বাধা সৃষ্টির মাধ্যমে রাশিয়া এবং ইরান ”বিশ্ব অর্থনীতি ছিনতাই„ করার চেষ্টা করছে --মন্তব্য করেছেন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী ইভেট কুপার। [বিবিসি: ০৭]

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি এক বিবৃতিতে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করেছেন এবং বলেছেন, ”শত্রুদের উপর চাপ সৃষ্টির হাতিয়ার„ হিসেবে হরমুজ প্রণালি জাহাজ চলাচলের জন্য বন্ধ থাকবে। [এনএইচকে: ০৮]

# বিবিসি

## জাতীয় সংসদে শোক প্রস্তাবে যুদ্ধাপরাধীদের নাম, নিন্দা-প্রতিবাদ

জাতীয় সংসদ অধিবেশনের প্রথম দিনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া যুদ্ধাপরাধীদের নামে শোক প্রস্তাব গ্রহণ করায় নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বিভিন্ন সংগঠন। এক বিবৃতিতে এই ঘটনাকে 'চরম বিশ্বাসঘাতকতা, বলে উল্লেখ করেছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি বা সিপিবি। সংগঠনটি বলছে, একাত্তরে গণহত্যা, গণধর্ষণ ও যুদ্ধাপরাধের সাথে জড়িত দণ্ডিত যুদ্ধাপরাধীদের নামে শোক প্রস্তাব গ্রহণ করে ধৃষ্টতা দেখানো হয়েছে। এই ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল বা বাসদ। এই পদক্ষেপের মধ্যদিয়ে কলঙ্কময় নজির স্থাপন করা হয়েছে বলেই মনে করে সংগঠনটি। যুদ্ধাপরাধীদের নাম শোক প্রস্তাবে যুক্ত করায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন। সংগঠনটি বলছে, এই পদক্ষেপের মধ্যদিয়ে যুদ্ধাপরাধীদের মহিমান্বিত করে লাখো শহিদের সাথে প্রতারণা করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রনি)

## মির্জা আব্বাসকে হাসপাতালে দেখতে গিয়েছিলেন প্রধানমন্ত্রী

গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাসকে দেখতে হাসপাতালে গিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শুক্রবার দুপুরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে যান প্রধানমন্ত্রী। এসময়, মীর্জা আব্বাসের শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন এবং সিঙ্গাপুরে মি. আব্বাসের চিকিৎসার জন্য দ্রুত ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন তারেক রহমান। বিএনপির পক্ষ থেকে জানানো হয়েছে, উন্নত চিকিৎসার জন্য শুক্রবার সন্ধ্যা ৬টায় মীর্জা আব্বাসকে সিঙ্গাপুরে নেওয়ার জন্য প্রস্তুতি রাখা হচ্ছে। গত বুধবার সন্ধ্যায় হঠাৎ অসুস্থ হয়ে জ্ঞান হারান মীর্জা আব্বাস। পরে তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## ইরান যুদ্ধে লাভবানদের মধ্যে আছে রাশিয়া, বাংলাদেশসহ আরো যারা চাপে

খুব কমক্ষেত্রেই যুদ্ধে কোনো এক পক্ষ স্পষ্টভাবে জয়ী হয় না, আর বেশিরভাগ সময়েই সব থেকে বেশি মূল্য চোকাতে হয় সাধারণ মানুষকে। বৈশ্বিক জ্বালানি বাজার আর সরবরাহ ব্যবস্থা যখন বিপর্যস্ত, পৃথিবীর কিছু দেশ তখন তৈরি হচ্ছে কঠিন অর্থনৈতিক পরিস্থিতির মোকাবিলা করতে। তবে এই বিশৃঙ্খলার মধ্যেই কিছু দেশ আবার নতুন করে কৌশলগত সুযোগ খুঁজছে। ইরানের ওপরে মার্কিন-ইসরায়েলি যুদ্ধ উপসাগরীয় অঞ্চল এবং সারাবিশ্ব জুড়েই নাটকীয় পরিস্থিতি তৈরি করেছে। উপসাগরীয় অঞ্চলের দেশগুলো অস্থিতিশীল হয়ে পড়েছে, আর মধ্যপ্রাচ্য জুড়েই হাজার হাজার মানুষ ঘর ছাড়তে বাধ্য হয়েছেন। তবে যুদ্ধক্ষেত্র থেকে অনেক দূরেও এর প্রভাব পড়ছে। কোথাও তেলের দাম বেড়ে গেছে, কোথাও আবার হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলে বিঘ্ন ঘটায় সাধারণ ক্রেতা এবং ব্যবসায়ীদের খরচও বেড়ে গেছে। তবে এই আলোড়নের ফলে কোন দেশ ক্ষতির সম্মুখীন হচ্ছে, কারাই বা লাভবান হবে?

**রাশিয়া**

ইরান রাশিয়ার গুরুত্বপূর্ণ মিত্র দেশ, আবার তাদের সামরিক সহযোগীও। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ খামেনির হত্যার ঘটনা রাশিয়ার আরও একটি কূটনৈতিক পরাজয়।

এর আগে, মস্কোর ঘনিষ্ঠ সিরিয়ার বাসার আল-আসাদের পতন এবং ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে যুক্তরাষ্ট্রের গ্রেফতার করে নিয়ে যাওয়ার ঘটনার পরে মি. খামেনির হত্যার পরে রাশিয়া আবারও সেরকমই একটা পরিস্থিতিতে পড়েছে। তবে, মধ্যপ্রাচ্যের এই সংঘাতের ফলে রাশিয়া কিছুটা লাভবান হবে ইউক্রেন যুদ্ধে, কারণ মার্কিন সামরিক রসদ এখন ইরানের সঙ্গে যুদ্ধের কাজে সরিয়ে নেওয়া হচ্ছে। প্যারিস ইনস্টিটিউট অফ পলিটিক্যাল সায়েন্সের সেন্টার ফর ইন্টারন্যাশনাল স্টাডিজের সহযোগী অধ্যাপক নিকোল গ্রাজেওস্কি বিবিসির রাশিয়ান বিভাগকে ব্যাখ্যা দিয়েছেন, "প্যাট্রিয়ট মিসাইল আর মিসাইলরোধী অস্ত্রের মজুত কমে আসায় রাশিয়ার সুবিধা হবে, কারণ ইউক্রেন যে ক্ষেপণাস্ত্র বাজার থেকে কিনতে পারত, তা সংকুচিত হয়ে গেছে।„ আবার ইরানের 'শাহেদ' ড্রোন এখন আরও বেশি সংখ্যায় তাদের নিজেদেরই প্রয়োজন, কিন্তু তার ফলে ইউক্রেন যুদ্ধে রাশিয়ার সেই ড্রোন ব্যবহারের ওপরে খুব একটা প্রভাব ফেলবে না বলেই মনে করেন বিশেষজ্ঞরা। "ইউক্রেন যুদ্ধের গোড়ার দিকে একটা নির্দিষ্ট সময় পর্যন্ত ইরানের ওপরে সামরিক সহযোগিতার জন্য নির্ভর করত রাশিয়া। সেটা ২০২২-২৩ সাল। সেই সময়ে শাহেদ ড্রোন দিয়েছিল ইরান। আরও গুরুত্বপূর্ণ হলো ওই ড্রোন তৈরির কৌশল আর লাইসেন্সও দিয়ে দিয়েছিল তারা,„ বিবিসিকে বলছিলেন সেন্টার ফর নন-প্রলিফারেশন স্টাডিজের ইউরেশিয়া অঞ্চলের পরিচালক হানা নোট। তিনি বলছিলেন, "এখন এমন একটা পর্যায়ে যুদ্ধটা পৌঁছে গেছে, যেখানে ইউক্রেনের সঙ্গে যুদ্ধ চালানোর জন্য রাশিয়ার আর ইরানকে প্রয়োজন নেই। শাহেদ ড্রোন এখন রাশিয়া নিজেই তৈরি করতে পারে।„

আবার, ইরান হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ার ফলে যেভাবে জ্বালানি তেল আর গ্যাসের দাম অত্যধিক বাড়ছে, সেখান থেকেও রাশিয়ার কিছুটা আর্থিক সাশ্রয় হতে পারে। ইউক্রেনের সঙ্গে যুদ্ধ করতে গিয়ে রাশিয়া বেশ ভালো রকম

অর্থনৈতিক টানাটানিতে আছে। রাশিয়ার কেন্দ্রীয় বাজেট নির্ভর করে দেশটির তেল রফতানির ওপরে। তারা ব্যারেল প্রতি ৫৯ ডলারে তেল রফতানি করত, কিন্তু এক পর্যায়ে প্রতি ব্যারেল তেলের দাম ১২০ ডলারে পৌঁছে গিয়েছিল একলাফে। ওদিকে, উপসাগরীয় অঞ্চলের তেল শোধনাগারগুলো তাদের উৎপাদন কমিয়ে দিয়েছে। তাই রাশিয়া এখন চীন আর ভারতের মতো বড়ো বাজারে আরও তেল রফতানি করতে পারে। "রাশিয়া থেকে তেল কেনার পরিমাণ কমিয়ে দেওয়ার জন্য আগে ভারতকে বলা হচ্ছিল, কিন্তু কয়েকদিন আগেই যুক্তরাষ্ট্র তাতে ভারতকে কিছুটা ছাড় দিয়েছে, অন্তত আগামী মাসের জন্য,„ বলছিলেন আন্তর্জাতিক শক্তি ও পণ্য বাজারের তথ্য সংগ্রহ করে, এমন একটি সংস্থা 'আর্গাস'- এর প্রধান অর্থনীতিবিদ ডেভিড ফাইফ। তার কথায়, "আবার রাশিয়ার তেলের ওপরে নিষেধাজ্ঞায় কিছুটা ছাড় দেওয়ার কথাও হচ্ছে, যাতে কয়েকটা ইস্যু সমাধান করা যায়।„

**চীন**

ইরান যুদ্ধের কারণে চীনের ওপরে এখনো কোনো বড়ো প্রভাব পড়েনি, কিন্তু তবুও তারা চাপটা অনুভব করবে। সেন্টার ফর গ্লোবাল এনার্জি পলিসির তথ্য অনুযায়ী, চীন যে পরিমাণ তেল আমদানি করে, তার মাত্র ১২ শতাংশ ইরান থেকে। আবার চীন বেশ কয়েকমাস চলার মতো তেল ইতোমধ্যেই মজুত করে রেখেছে, আর তার পরে সহজেই তারা রাশিয়ার সহায়তা চাইতেই পারে। মি. ফাইফ বলছিলেন, "তবে তাদের রফতানি-নির্ভর শিল্প ক্ষেত্রে আঘাত আসবে।„ চীনের মোট দেশজ উৎপাদন বা জিডিপির ২০ শতাংশ আসে রফতানি থেকে। জমির দামে অতিমন্দা আর ভোক্তা পর্যায়ে ব্যয় হ্রাস পাওয়ার কারণে আগে থেকেই ধুঁকছে চীনের অর্থনীতি। তাই রফতানিই হয়ে উঠেছে তাদের অর্থনীতিকে সচল রাখার একটি গুরুত্বপূর্ণ চালিকাশক্তি।

হরমুজ প্রণালি ও তার আশপাশের অঞ্চলে জাহাজ চলাচলে বিঘ্ন ঘটায় অবশ্য চীনের খুব একটা সমস্যা হবে না, কিন্তু পশ্চিমা বিশ্বে চীনের উৎপাদিত পণ্য পাঠানোর জন্য তাদের আটলান্টিক অঞ্চলে পৌঁছনোটা খুব জরুরি। আবার আরব উপদ্বীপের অন্যদিকে বাব এল-মান্দেব প্রণালি, যেটি ইউরোপ, এশিয়া ও আফ্রিকার মধ্যে সংযোগ রক্ষা করে, সেখানে ইরান সমর্থিত সশস্ত্র গোষ্ঠী ইয়েমেন-ভিত্তিক হুতিরা কয়েকটি হামলা চালিয়েছে। মি. ফাইফ বিবিসি নিউজকে জানিয়েছেন, "লোহিত সাগরে জাহাজ চলাচল আবারও ভালোমতো বিঘ্নিত হবে। দীর্ঘ দূরত্ব পাড়ি দিয়ে যে-সব জাহাজ এশিয়া থেকে আটলান্টিকের দিকে যেতে চায়, তাদের আফ্রিকার দক্ষিণে কেপ অফ গুড হোপ ঘুরে যেতে হবে।„ লন্ডনভিত্তিক থিংকট্যাংক চ্যাথাম হাউসের মধ্যপ্রাচ্য অঞ্চলের বিশেষজ্ঞ নিল ক্যুইলিয়াম বলছিলেন, "এতে খরচ অনেক বাড়বে।„ "এই যাত্রাপথে ১০ থেকে ১৪ দিন বেশি সময় লাগবে। পণ্যের ওপরে নির্ভর করে গড়ে একেকটি জাহাজের অতিরিক্ত প্রায় ২০ লাখ ডলার খরচ হবে,„ বলছিলেন মি. ক্যুইলিয়াম। ইরান যুদ্ধ চীনের জন্য কূটনৈতিক সুযোগ গড়ে দিতে পারে। যুক্তরাজ্যের রয়্যাল ইউনাইটেড সার্ভিসের ইনস্টিটিউটের ফিলিপ শেল্টার-জোনস্ বলছেন, "চীন তো যুক্তরাষ্ট্রের বিপরীতে একটা পাল্টা ভারসাম্যের নীতি নিয়ে চলে বলে নিজেদের তুলে ধরে।„ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিপরীতে এমন একজন বৈশ্বিক নেতা হিসেবে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং নিজের ভাবমূর্তি তুলে ধরেন, যার নীতি অনুমান করা যায়। আর এই সংঘাত থেকে বেইজিং এই শিক্ষাও নিতে পারে যে তাইওয়ানের মতো অন্যান্য বিতর্কিত ইস্যুতে ট্রাম্পের প্রতিক্রিয়া কী ধরণের হতে পারে।

**লাদেশসহ উন্নয়নশীল দেশেগুলোর অর্থনীতি**

মধ্যপ্রাচ্যের তেল ও গ্যাসের ওপরে ব্যাপকভাবে নির্ভরশীল দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলো ইরান যুদ্ধের ফলে বড়োসড়ো ধাক্কার সম্মুখীন হতে চলেছে। কয়েকটি দেশ ইতোমধ্যেই খরচ কমানোর জন্য কড়া পদক্ষেপ নিয়েছে। তারা আশা করছে যে, যদি ওইসব পদক্ষেপ নিয়ে যুদ্ধের কারণে তাদের ওপরে এসে পড়া অর্থনৈতিক প্রভাব দ্রুত সামলাতে পারে। যুদ্ধ শুরুর পরেই ভিয়েতনামে ডিজেলের দাম ৬০ শতাংশ বাড়িয়ে দেওয়া হয়েছে। সরকার সবাইকে বলছে, যদি সম্ভব হয় তাহলে বাড়ি থেকেই কাজ করতে। ফিলিপিন্স ৯৫ শতাংশ অপরিশোধিত তেলই মধ্যপ্রাচ্য থেকে আমদানি করে। জরুরি বিভাগ ছাড়া অন্যান্য সরকারি কর্মচারীরা এখন সপ্তাহে চার দিন কাজ করছেন। একই ধরনের বিধি-নিষেধ চালু করা হয়েছে পাকিস্তানেও। তবে ব্যাংক কর্মচারীদেরও সেখানে ছাড় দেওয়া হয়েছে। যেখানেই সম্ভব, সেখানে বাড়ি থেকে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে, বিশ্ববিদ্যালয়ের ক্লাস নেওয়া হচ্ছে অনলাইনে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ টেলিভিশনের প্রচারিত এক ভাষণে বলেছেন যে, দেশের জ্বালানির মজুত রক্ষা করা অত্যন্ত জরুরি এবং নিয়ন্ত্রিতভাবে তেল খরচ করতে হবে। বাংলাদেশের মানুষ যেভাবে আতঙ্কিত হয়ে কেনাকাটা করতে শুরু করেছে, সরকারকে তার মোকাবিলা করতে হচ্ছে। পেট্রোল পাম্পগুলিতে দীর্ঘ লাইন হচ্ছে। নিয়ন্ত্রণও চালু হয়েছে, গাড়ির জন্য দিনে ১০ লিটার, আর মোটরসাইকেলের জন্য মাত্র দুই লিটার করে তেল দেওয়া হচ্ছে।

তবে যুদ্ধের পরিণতি শুধুই জ্বালানির ঘাটতিতে সীমাবদ্ধ নাও থাকতে পারে। বিশ্বজুড়ে কৃষকরা তাদের জমিতে যে সার ব্যবহার করেন, তার সরবরাহ বিঘ্নিত হলে খাদ্য নিরাপত্তা অনিশ্চিত হয়ে পড়তে পারে। মি. ক্যুইলিয়াম বিবিসি নিউজকে বলেছেন, "সার উৎপাদনে যে ইউরিয়া ব্যবহৃত হয়, তার ৩০ শতাংশই হরমুজ প্রণালি দিয়ে জাহাজে করে যায়। অপরিশোধিত তেল প্রক্রিয়াকরণের মাধ্যমে পেট্রোকেমিক্যাল তৈরি হয়, তা থেকে ইউরিয়া আসে। অর্থাৎ আপনি যদি

বিশ্ব বাজার থেকে ৩০ শতাংশ ইউরিয়া যদি সরিয়ে নেন, তাহলে বৈশ্বিক খাদ্য নিরাপত্তায় প্রভাব তো পড়বেই।„ বিশ্বের অন্যতম সব থেকে বড়ো গ্যাস রফতানিকারক ও সারের জন্য প্রয়োজনীয় ইউরিয়া উৎপাদন করে যারা, সেই 'কাতারএনার্জি'র শোধনাগারে হামলার পরে তারা জরুরি ভিত্তিতে উৎপাদন আর সরবরাহ সাময়িকভাবে বন্ধ রাখতে বাধ্য হয়েছে। মি. ক্যালসিয়াম বলছেন, ”খাদ্য নিরাপত্তা, মুদ্রাস্ফীতি এসবের ওপরে প্রভাব লক্ষ্য করা যাবে এখন থেকে আরও ছয় থেকে নয় মাস পরে।„ ”এখনই না হলেও, কৃষকদের কাছে যখন সার জোগাড় করা কঠিন হয়ে পড়বে, ফসল বাঁচানো শক্ত হয়ে উঠবে, তখন আমরা একটা সুদূর প্রসারী প্রভাব দেখতে পাব।„
(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৫.২০২৬ আলী আহমেদ)

## ঈদের আগে ঝড়-বৃষ্টির কী আভাস দিচ্ছে আবহাওয়া অফিস?

ক্যালেন্ডার অনুযায়ী বাংলাদেশে এখন বসন্তকাল, কিন্তু ঢাকার আকাশে যেন বর্ষার আভাস। কয়েকদিন ধরেই বারবার ধূসর মেঘে ঢেকে যাচ্ছে আকাশ। ঈদের সময় যারা দূরের কোনো গন্তব্যে যাবেন, বাড়ি ফিরবেন বা ঘুরতে যাবেন, তাদের অনেকের জন্যই চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে আকাশের এই অবস্থা। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরও বৃষ্টির পূর্বাভাসই দিচ্ছে। তারা বলছে, ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে থেমে থেমে বৃষ্টি হতে পারে আজ এবং আগামী বেশ কিছুদিন আবহাওয়ার এই অবস্থা অব্যাহত থাকারও সম্ভাবনা রয়েছে। এমন এক সময় এই ঝড়বৃষ্টির সম্ভাবনার কথা এসেছে, যখন মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ঈদুল ফিতর বা রোজার ঈদ দরজায় কড়া নাড়ছে। ঘরে ঘরে এখন এই ঈদ উদ্‌যাপনের প্রস্তুতি, অনেকে শেষ মুহূর্তের কেনাকাটায় ব্যস্ত। আবার অনেকে ঈদের ছুটিতে পরিবারের সাথে সময় কাটাতে যাওয়ার জন্য অধীর অপেক্ষায় আছেন। যারা চাকরি, পড়াশোনা, ব্যবসাসহ নানা কারণে পরিবার থেকে দূরে থাকে, তারা যেন এবার ঈদে নির্বিঘ্নে বাড়ি ফিরতে পারে, সেজন্য বাড়তি ছুটিও ঘোষণা করেছে সরকার। শবে কদর (১৭ মার্চ) ও ঈদুল ফিতরের (১৮ মার্চ থেকে ২৩ মার্চ) ছুটি মিলিয়ে এবার টানা সাতদিন সকল সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে। অনেকে আবার বাড়তি ছুটি নিয়ে নির্ধারিত তারিখের আগেই ঈদের ছুটি কাটাতে চলে যাওয়ার পরিকল্পনা করছেন। কিন্তু এই সময়ে যদি ঝড়বৃষ্টি হয়, তাহলে কেনাকাটা থেকে শুরু করে মানুষের ঈদযাত্রায়ও বিঘ্ন ঘটতে পারে। আবার অতিরিক্ত গরম পড়লেও ভোগান্তি তৈরি হতে পারে। ঈদের আগে আগে বা ঈদের দিন বৃষ্টি হলে খোলা মাঠে ঈদের জামাত আয়োজনেও সমস্য হতে পারে। তাই, যারা ঈদের জন্য দূরের পথ পাড়ি দিয়ে বাড়ি যাবেন, তারা আগেভাগেই জেনে নেওয়ার চেষ্টা করছেন যে আগামী কয়েকদিন আবহাওয়া পরিস্থিতি আসলে কেমন থাকবে।

### দীর্ঘমেয়াদি পূর্বাভাসে আগামী কয়েকদিন

চলতি মাসের প্রথম সপ্তাহে আবহাওয়ার যে দীর্ঘমেয়াদি পূর্বাভাস দেওয়া হয়েছে, তাতে দেখা গেছে, এই মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। বঙ্গোপসাগরে কোনো ঘূর্ণিঝড় ও নিম্নচাপ সৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। এতে আরও বলা হয়েছে যে মার্চের শেষদিকে দেশের পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ওপর দিয়ে এক থেকে দুইটি মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বসে যেতে পারে। এসময় দেশে দুই থেকে তিন দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা বা মাঝারি ধরনের এবং এক থেকে দুই দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে। মার্চ, এপ্রিল ও মে মাস হলো কালবৈশাখির উপযোগী সময়। কিন্তু এখন পর্যন্ত দেশে কালবৈশাখি ঝড় আঘাত হানেনি। তবে আগামী কয়েকদিনের মাঝে এটি বিক্ষিপ্তভাবে আঘাত হানতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদ একেএম নাজমুল হক। তবে তিনি এটি বারবার উল্লেখ করেছেন, তিন দিনের মাঝে আবহাওয়ার পূর্বাভাস সবচেয়ে ভালোভাবে বলা যায়। পূর্বাভাস যত দীর্ঘমেয়াদি হয়, তার 'অ্যাকুরেসি' তত কমতে থাকে।

### ঈদের দিন কি বৃষ্টি হবে?

ঈদের বাকি আছে আনুমানিক সাতদিন। আবহাওয়া পরিস্থিতি দেখে আপাতত ধারণা করা যাচ্ছে, ঈদের দিন দেশের কিছু কিছু জায়গায় বৃষ্টি হবে। তবে তা সাময়িক, বলছিলেন মি. হক। তিনি জানান, আপাতত বৃষ্টির সম্ভাবনা বেশি দেখা যাচ্ছে আগামী ১৬ ও ১৭ মার্চ। অর্থাৎ, তখন বেশিরভাগ মানুষই ঈদের ছুটি কাটাতে বাড়ির পথে থাকবেন। সেক্ষেত্রে তখন বৃষ্টির কারণে তাদের ঈদযাত্রায় কিছুটা বিঘ্ন ঘটতে পারে। আবহাওয়াবিদ নাজমুল হক বলছিলেন, ”১৬ ও ১৭ তারিখ বৃষ্টি হয়ে যাওয়ার পর বৃষ্টিপাতের ক্ষেত্রে একটি সাময়িক বিরতি আসতে পারে। কিন্তু একাবারে বৃষ্টিহীন হয়ে যাবে, তা কিন্তু নয়।„ ”এখন যেহেতু মার্চ মাস, তাই দেশের বিভিন্ন জায়গায় অল্প সময়ের বৃষ্টি হবে। যেখানেই বৃষ্টি হবে, সেখানে এটি আধ ঘণ্টা বা এক ঘণ্টার মাঝে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রপাত হতে পারে।„ তিনি আরও জানান, একটানা বৃষ্টি কোথাও হবে না। কিন্তু কোথায় কোথায় সাময়িক বৃষ্টি হবে, তা এত আগে বলা মুশকিল। কারণ প্রতিদিনই দৈনন্দিন পূর্বাভাসে কিছু না কিছু পরিবর্তন হয়। এই আবহাওয়াবিদ জানান, ঈদের এই সময়ে খুব বেশি বাতাস হওয়ার সম্ভাবনা নেই। ”৬০ বা ৭০ কিলোমিটার বেগে বাতাস হবে, এমনটা নয়। ৪০ বা ৫০ কিলোমিটার বেগে বাতাস হতে পারে। সাথে কোথাও বিজলি চমকাতে পারে, বজ্রপাতের মতো ঘটনা ঘটতে পারে।„

### গরম কেমন থাকবে, বৃষ্টির কারণ কী

আবহাওয়া অফিস বলছে, আপাতত বা ঈদের সময়ে বেশি গরম থাকবে না। ২৮ থেকে ৩৩ ডিগ্রি সেলসিয়াসের মতো তাপমাত্রা থাকতে পারে ঈদের সময়ে। এদিকে, কিন্তু মার্চ মাসের এই বৃষ্টি কি আবহাওয়ার স্বাভাবিক প্রবণতা? উত্তরে নাজমুল হক বলেন যে, এখনকার বৃষ্টি তা বাতাসের ধরন ও লঘুচাপের ওপর নির্ভর করে। "এখন বৃষ্টি হচ্ছে পশ্চিমা লঘুচাপের কারণ। পশ্চিমবঙ্গ-বিহার থেকে যদিও তাপীয় লঘুচাপ থাকে, আর সমুদ্রের ওপর দিয়ে যদি সেই বাতাস বাংলাদেশে প্রবেশ করে, তখন এই দুইয়ের সংমিশ্রণে বৃষ্টি হয়। গত কয়েকদিনে বাংলাদেশে দক্ষিণমুখী বাতাস হচ্ছে, আর তাপীয় লঘুচাপও আছে, এর প্রভাবে বৃষ্টি হচ্ছে," বলছিলেন এই আবহাওয়াবিদ। তিনি জানান, এই অবস্থা আগামী ১৭ই মার্চ পর্যন্ত থাকতে পারে। এরপর বৃষ্টিপাত কমে যেতে পারে, কারণ বাতাসের ধরণ পরিবর্তন হয়ে যেতে পারে।

**এখনকার আবহাওয়া পরিস্থিতি**

আজ শুক্রবার সকাল থেকেই ঢাকার আকাশ মেঘাচ্ছন্ন, রোদের তেজ কম, বাইরে ঠান্ডা বাতাস। এদিন সকাল ৯টায় যে আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে, তাতে দেখা যায় যে, দক্ষিণ বঙ্গোপসাগরে এখন মৌসুমের স্বাভাবিক লঘুচাপ অবস্থান করছে। এতে আগামী পাঁচদিনের আবহাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, আজ ১৩ই মার্চ সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টা ঢাকা, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রামের দুই এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রবৃষ্টি হতে পারে। ১৪ মার্চ থেকে ১৭ই মার্চ পর্যন্ত দেশের প্রায় সব বিভাগের কোথাও না কোথাও বৃষ্টি হওয়ার সম্ভাবনার কথা বলা হচ্ছে এতে। উল্লেখ্য, গত ২৪ ঘণ্টায় ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৩ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস; বান্দরবানে। সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে রাজশাহীর বদলগাছীতে, ৪৭ মিলিমিটার।

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানের নতুন নেতা বেঁচে আছেন, তবে 'গুরুতর আহত,: ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি হামলার প্রথমদিনই আহত হয়েছিলেন। "আমার মনে হয়, সেটাই হয়েছে। আমার ধারণা, তিনি আহত, কিন্তু কোনোভাবে তিনি এখনো বেঁচে আছেন," বলেন তিনি। ইরানের নতুন নেতার লিখিত বার্তা প্রকাশের পর এটিই এ বিষয়ে মার্কিন প্রেসিডেন্টের প্রথম প্রতিক্রিয়া। সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালেও ট্রাম্প একটি পোস্টে লিখেছেন, সেখানে তিনি বলেছেন, "আমরা সামরিক, অর্থনৈতিকসহ সব দিক দিয়ে ইরানের সন্ত্রাসী শাসনব্যবস্থাকে সম্পূর্ণ ধ্বংস করে দেব।" তিনি নিউ ইয়র্ক টাইমসের একটি প্রতিবেদনের সমালোচনা করে বলেন, "ইরানের নৌবাহিনী শেষ। বিমানবাহিনী কার্যত ধ্বংস হয়ে গেছে। তাদের ক্ষেপণাস্ত্র, ড্রোন, সবকিছু ধ্বংস করা হচ্ছে। এমনকি তাদের নেতাদেরও আর দেখা যাচ্ছে না।" ডোনাল্ড ট্রাম্প আরও বলেন, "আমাদের কাছে অতুলনীয় সামরিক শক্তি, সীমাহীন গোলাবারুদ এবং পর্যাপ্ত সময় রয়েছে।" "তারা গত ৪৭ বছর ধরে সারা বিশ্বে নিরীহ মানুষ হত্যা করে আসছে। আর এখন আমি, যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে, তাদের হত্যা করছি। এটি করতে পারা আমার জন্য বড়ো সম্মানের," লিখেছেন ট্রাম্প। উল্লেখ্য, গত সোমবার মোজতবা খামেনিকে ইরানের নতুন সর্বোচ্চ নেতা হিসেবে নির্বাচন করা হয়। তবে এই ঘোষণা এমন সময়ে আসে, যখন তার সুস্থতা নিয়ে নানা খবর গণমাধ্যমে ভেসে বেড়াচ্ছে। এর আগে, সাইপ্রাসে ইরানের রাষ্ট্রদূত আলিরেজা সালারিয়ান ব্রিটিশ পত্রিকা দ্য গার্ডিয়ানকে বলেছেন, তিনি শুনেছেন যে মোজতবা খামেনির হাত, পা ও বাহুতে আঘাত লেগেছে এবং আহত অবস্থায় তিনি হাসপাতালে থাকতে পারেন। এমন অবস্থায় কোনো বক্তব্য দেওয়া তার জন্য স্বাচ্ছন্দ্যের নয়।(বিবিসি ওয়েব পেজঃ ১৩.০৩.২০২৬ এলিনা)

## হামলায় ক্ষয়ক্ষতির ছবি প্রকাশ করলে সাজা দেবে সংযুক্ত আরব আমিরাত

ইরানের হামলায় ক্ষয়ক্ষতি বা অন্যান্য ঘটনার ছবি প্রকাশ করলে "জরিমানা, কারাদণ্ড এবং নির্বাসন" দেওয়া হতে পারে বলে সতর্ক করেছে সংযুক্ত আরব আমিরাত। সামাজিক মাধ্যম এক্স-এ দেওয়া একটি পোস্টে নিজ দেশের নাগরিকদের এ বিষয়ে সতর্ক করেছে ইরানে অবস্থিত ব্রিটিশ দূতাবাস। ব্রিটিশ দূতাবাস জানিয়েছে, "সংযুক্ত আরব আমিরাত কর্তৃপক্ষ ঘটনাস্থল বা প্রজেক্টাইলের ক্ষতির পাশাপাশি, সরকারি ভবন এবং কূটনৈতিক মিশনের ছবি তোলা, পোস্ট করা বা শেয়ার করার বিরুদ্ধে সতর্ক করেছে।" দূতাবাস সতর্ক করে দিয়েছে যে, ব্রিটিশ নাগরিকরা সংযুক্ত আরব আমিরাতের আইনের আওতাধীন এবং "লঙ্ঘনের ফলে জরিমানা, কারাদণ্ড বা নির্বাসন হতে পারে।" সম্প্রতি শহরের উপর দিয়ে যাওয়া ইরানি ক্ষেপণাস্ত্রের ছবি তোলার অভিযোগে দুবাইতে ৬০ বছর বয়সি এক ব্রিটিশ ব্যক্তির বিরুদ্ধে সাইবার-অপরাধ আইনে অভিযোগ আনা হয়েছে বলেও জানা গেছে।(বিবিসি ওয়েব পেজঃ ১৩.০৩.২০২৬ এলিনা)

## বিধ্বস্ত মার্কিন জ্বালানিবাহী বিমানের চার ক্রু সদস্য নিহত

পশ্চিম ইরাকে একটি মার্কিন জ্বালানিবাহী বিমান বিধ্বস্তের ঘটনায় চারজন ক্রু সদস্যের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে মার্কিন কেন্দ্রীয় কমান্ড। বিমানটিতে ছয়জন ক্রু সদস্য ছিল বলেও জানানো হয়েছে। মার্কিন সেনাবাহিনী বলছে, 'প্রতিকূল পরিবেশ বা শত্রুর গোলাগুলির কারণে নয়', এটি একটি মারাত্মক দুর্ঘটনা। শুক্রবার সকালে এক্স-এ প্রকাশিত এক পোস্টে, মার্কিন কেন্দ্রীয় কমান্ড বা সেন্টকম জানিয়েছে যে, "বিমানে থাকা ছয়জন ক্রু সদস্যের মধ্যে চারজনের

মৃত্যু নিশ্চিত করা হয়েছে।„ সেন্টকম বলছে, পরিস্থিতি তদন্ত করা হচ্ছে এবং ”বিমানের ক্ষতি শত্রুপক্ষের গুলির কারণে হয়নি।„ বৃহস্পতিবার সন্ধ্যায় কেসি-১৩৫ জ্বালানিবাহী বিমানটি বিধ্বস্ত হওয়ার খবর জানায় সেন্টকম। এছাড়া এই ঘটনার সময় কাছেই থাকা অন্য বিমানটি নিরাপদে অবতরণ করেছে বলেও জানানো হয়।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## 'বিশ্ব অর্থনীতি ছিনতাই' করতে চায় রাশিয়া-ইরান : ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী

হরমুজ প্রণালি দিয়ে নৌযান চলাচলে বাধা সৃষ্টির মাধ্যমে রাশিয়া এবং ইরান ”বিশ্ব অর্থনীতি ছিনতাই„ করার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী ইভেট কুপার। ”দীর্ঘ সময় ধরে„ রাশিয়া এবং ইরানের মধ্যে সম্পর্ক রয়েছে উল্লেখ করে তিনি বলেন, উভয় দেশই নিজেদের মধ্যে ”পদ্ধতি„ এবং কৌশলগতভাবেও যুক্ত। ”একে অপরকে সমর্থন করার মাধ্যমে এই দুটি রাষ্ট্র বিশ্ব অর্থনীতিকে হাইজ্যাক করে লাভবান হওয়ার চেষ্টা করছে,„ বলেন তিনি। রাশিয়ার ওপর নিষেধাজ্ঞা নিয়ে মার্কিন ঘোষণার সমালোচনা এড়িয়ে, এই সিদ্ধান্তকে ”নির্দিষ্ট, লক্ষ্যযুক্ত বিষয়„ বলে অভিহিত করেন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী। এদিকে, দায়িত্ব গ্রহণ করেই মার্কিন-ইসরায়েলি হামলার প্রতিশোধ হিসেবে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল বন্ধের প্রতিশ্রুতি আবারও পূণর্ব্যাক্ত করেছেন ইরানের নতুন সর্বোচ্চ নেতা মোজতবা আয়াতুল্লাহ। (বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## ইরানে আবারও 'সর্বোচ্চ সংখ্যক' হামলা চালানোর ঘোষণা যুক্তরাষ্ট্রের

”ইরানে আজ আবারও সর্বোচ্চ সংখ্যক হামলা চালাবে যুক্তরাষ্ট্র,„ এই ঘোষণা দিয়েছেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। শুক্রবার ইরান যুদ্ধের সবশেষ তথ্য জানাতে পেন্টাগনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, ”ইরানের নেতৃত্ব লুকিয়ে আছে এবং আমাদের সক্ষমতা এখনও বৃদ্ধি পাচ্ছে।„ প্রেসিডেন্ট ট্রাম্পের হাতেই সবকিছু উল্লেখ করে মি. হেগসেথ বলেন, ”এই সংঘাতের গতি এবং সময় তিনিই নির্ধারণ করবেন।„ সংবাদ সম্মেলনে মার্কিন সামরিক বাহিনীর জয়েন্ট চিফস অফ স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন বলেন, ”আজ আমাদের জন্য সবচেয়ে ব্যস্ততম দিন হবে।„(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## রাশিয়ার তেল নিয়ে মার্কিন সিদ্ধান্ত 'ভুল' : জার্মান চ্যান্সেলর

রাশিয়ান তেল ব্যবহারের উপর মার্কিন নিষেধাজ্ঞা শিথিল করার সিদ্ধান্তটি ”ভুল„ বলে মন্তব্য করেছেন জার্মানির চ্যান্সেলর ফ্রিডরিখ মের্জ। শুক্রবার নরওয়ে সফরের সময় দেওয়া বক্তব্যে মি. মের্জ বলেন, ”আমরা বিশ্বাস করি যে, এই মুহূর্তে নিষেধাজ্ঞা শিথিল করা ভুল হচ্ছে।„ তিনি বলেন, ”বর্তমানে দাম নিয়ে সমস্যা আছে, কিন্তু সরবরাহ নিয়ে নয়।„ ”আমি জানতে চাই যে, এই সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে অন্য কোন বিষয়গুলো মার্কিন সরকারকে ভাবিয়েছে,„ মি. মের্জ বলেন। ইরান সংঘাতের কারণে ইউক্রেনের প্রতি সমর্থন থেকে জার্মানি ”বিরত বা বিভ্রান্ত„ হবে না বলেও উল্লেখ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## মধ্যপ্রাচ্যে ফ্রান্সের অবস্থান `সম্পূর্ণ আত্মরক্ষামূলক, : ফরাসি প্রেসিডেন্ট

ইরানের ড্রোন হামলায় একজন ফরাসি সৈন্য নিহত হওয়ার পরও মধ্যপ্রাচ্য যুদ্ধে ফ্রান্সের অবস্থান ”সম্পূর্ণরূপে আত্মরক্ষামূলক„ থাকবে বলে জানিয়েছেন ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রঁ। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সাথে এক যৌথ সংবাদ সম্মেলনে এসব কথা বলেছেন তিনি। মি. ম্যাক্রঁ বলেন, ”মিত্রদের সমর্থনে ফ্রান্সের অবস্থান সম্পূর্ণরূপে আত্মরক্ষামূলক এবং এই অবস্থানের কারণে আমাদের ওপর আক্রমণ করার কোনো কারণ থাকতে পারে না।„ এর আগে, মি. ম্যাক্রঁ সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ একটি পোস্টে জানিয়েছিলেন যে, ইরাকের এরবিলে একজন ”ফরাসি সেনা নিহত হয়েছেন„। এছাড়া বেশ কয়েকজন সেনা আহত হওয়ার বিষয়েও জানান তিনি। ইরানের সাথে মার্কিন-ইসরায়েল যুদ্ধ শুরু হওয়ার পর মধ্যপ্রাচ্যে এটিই প্রথম ফরাসি সৈন্য নিহত হওয়ার ঘটনা।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## মার্কিন বিমান বিধ্বস্তের ঘটনায় নিখোঁজ দুই ক্রু সদস্যও মারা গেছেন

পশ্চিম ইরাকে একটি জ্বালানিবাহী বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় নিখোঁজ দুই ক্রু সদস্যের মৃত্যুর খবর নিশ্চিত করেছে মার্কিন সামরিক বাহিনী। অর্থাৎ জ্বালানিবাহী মার্কিন বিমান `কেসি-১৩৫ স্ট্রাটোট্যাঙ্কার, এ থাকা ছয় ক্রু সদস্যের সবাই এই ঘটনায় প্রাণ হারিয়েছেন। বিমানটি কীভাবে বিধ্বস্ত হয়েছে, সে বিষয়ে এখনও নিশ্চিত করেনি মার্কিন কেন্দ্রীয় কমান্ড। যদিও তারা দাবি করেছে যে, এই ঘটনার সময় দুটি মার্কিন বিমান আকাশে ছিল, যার মধ্যে দ্বিতীয়টি নিরাপদে অবতরণ করেছে এবং কোনও প্রতিকূল পরিবেশ বা গুলিবর্ষণের ঘটনাও ঘটেনি।
(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ এলিনা)

## ইরান যুদ্ধ কবে শেষ হবে, যা বললেন ট্রাম্প

মার্কিন সংবাদমাধ্যম ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ইরান যুদ্ধ নিয়ে নানা প্রশ্নের জবাব দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার প্রচারিত ওই সাক্ষাৎকারে, ইরানের সাথে যুদ্ধ কখন শেষ হতে পারে? এই প্রশ্নের

জবাবে ট্রাম্প জানিয়েছেন যে, ”যখন আমি এটি অনুভব করব, ঠিক আছে, তখন।„ ইরানের নতুন সর্বোচ্চ নেতা সম্পর্কে মার্কিন প্রেসিডেন্ট বলেন, ”আমার মনে হয়, তিনি ক্ষতিগ্রস্ত, সম্ভবত কোনো রকমে বেঁচে আছেন।„ হরমুজ প্রণালি নিয়েও কথা বলেন ডোনাল্ড ট্রাম্প। তিনি জানান, ”প্রয়োজন হলে„ প্রণালি দিয়ে তেল ট্যাংকারগুলোকে পাহারা দেবে যুক্তরাষ্ট্র। তবে ”আশা করি, সবকিছু খুব ভালোভাবে এগোবে। দেখা যাক কী হয়,„ ট্রাম্প বলেন। ইরান যুদ্ধ প্রসঙ্গে তিনি বলেন, আগামী সপ্তাহে ”আমরা তাদের খুব কঠোরভাবে আঘাত করব।„ ”আমরা ইতোমধ্যে তাদের এতটাই ক্ষতিগ্রস্ত করেছি যে, তাদের পুনর্নির্মাণ করতে বছরের পর বছর সময় লাগবে,„ বলেন তিনি। উপসাগরীয় মিত্রদের সঙ্গে ”অসাধারণ ঐক্য„ উল্লেখ করে ট্রাম্প বলেন, ”নিজেদের রক্ষা করার ক্ষেত্রে খুব ভালো কাজ করছে তারা।„(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রনি)

## ’একাধিক ড্রোন’ ভূপাতিত করার দাবি যুক্তরাজ্যের

ইরাকে একটি সামরিক ঘাঁটিতে হামলার পর ব্রিটিশ কাউন্টার-ড্রোন ইউনিট ”একাধিক ড্রোন„ ভূপাতিত করেছে বলে দাবি যুক্তরাজ্যের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের। বৃহস্পতিবার রাতে ইরাকের এরবিল অঞ্চলে ড্রোন হামলায় একজন ফরাসি সেনা নিহত হন এবং বুধবার ওই অঞ্চলে যুক্তরাজ্য ও মার্কিন বাহিনীর একটি ঘাঁটিতেও হামলার ঘটনা ঘটে। যার প্রেক্ষিতেই এই পদক্ষেপ নিয়েছে যুক্তরাজ্য। মন্ত্রণালয় আরও জানিয়েছে, যুক্তরাজ্যের টাইফুন জেটগুলো প্রথমবারের মতো বাহরাইনের আকাশে বিমান প্রতিরক্ষা অভিযান চালিয়েছে। ”কাতার, সাইপ্রাস, সংযুক্ত আরব আমিরাত, জর্ডান এবং বাহরাইনে ব্রিটিশ স্বার্থ এবং মিত্রদের প্রতিরক্ষায় ব্রিটিশ টাইফুন এবং এফ-৩৫ জেটগুলো এখন উড়ছে,„ বলেও জানানো হয়।(বিবিসি ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রনি)

# এনএইচকে

## আমেরিকা এবং ইসরায়েলের উপর প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করলেন ইরানের নতুন সর্বোচ্চ নেতা

ইরানের সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব গ্রহণের পর মোজতবা খামেনি তার প্রথম বিবৃতি প্রকাশ করেছেন। তিনি মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করেছেন এবং বলেছেন যে, ”শত্রুদের উপর চাপ সৃষ্টির হাতিয়ার„ হিসেবে হরমুজ প্রণালি জাহাজ চলাচলের জন্য বন্ধ থাকবে। বৃহস্পতিবার রাষ্ট্রীয় টেলিভিশনে খামেনির এই বিবৃতিটি পাঠ করা হয়। এতে জাতীয় ঐক্যের আহ্বান জানানো হয়েছে এবং বলা হয়েছে যে, ইরানিদের লড়াই চালিয়ে যাওয়া ছাড়া আর কোনো বিকল্প নেই। এতে আরও বলা হয়েছে যে, আমেরিকাকে এই অঞ্চলে তার সকল সামরিক ঘাঁটি বন্ধ করতে হবে, অন্যথায় আক্রমণের মুখোমুখি হতে হবে। ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস বৃহস্পতিবার জানিয়েছে যে, তারা পারস্য উপসাগরে মার্শাল দ্বীপপুঞ্জের পতাকাবাহী একটি মার্কিন মালিকানাধীন ট্যাংকারে আঘাত করেছে। তারা বলছে যে, ক্রুরা তাদের সতর্কবার্তা উপেক্ষা করেছে। একটি ব্রিটিশ নৌ নিরাপত্তা পর্যবেক্ষণ বিষয়ক সংস্থা জানিয়েছে যে, ফেব্রুয়ারি মাসের শেষ থেকে পারস্য উপসাগর, হরমুজ প্রণালি, ওমান উপসাগর এবং আশেপাশের সমুদ্রসীমায় ১৬টি হামলার বিষয় তারা নিশ্চিত করেছে। মার্কিন জ্বালানি মন্ত্রী ক্রিস রাইট বৃহস্পতিবার বলেছেন যে, চলতি মাসের শেষ নাগাদ নৌবাহিনীর যুদ্ধজাহাজগুলোকে এসকর্ট হিসেবে মোতায়েন করা হতে পারে। এদিকে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একই দিনে সামাজিক যোগাযোগ মাধ্যমে জোর দিয়ে বলেছেন যে, ইরানকে পারমাণবিক অস্ত্র ধারণ থেকে বিরত রাখা তেলের দামের চেয়ে ”অনেক বেশি কাঙ্ক্ষিত„।
(এনএইচকে ওয়েবপেইজ: ১৩.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## শনিবার ইমাম, মুয়াজ্জিন সম্মানী কার্যক্রমের উদ্‌বোধন

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ১৪ মার্চ সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ইমাম ও মুয়াজ্জিনদের সম্মানী প্রদান কার্যক্রমের শুভ উদ্‌বোধন করবেন। বৃহস্পতিবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের এক বার্তায় এ তথ্য জানানো হয়। মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ইমরানুল হাসানের পাঠানো বার্তায় আরও বলা হয়, একই দিন খাদেম, পুরোহিত, সেবায়েত, বিহার অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের সম্মানী প্রদান কার্যক্রমেরও উদ্‌বোধন করা হবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রুবাইয়া)

## যুদ্ধাপরাধীদের নামে জাতীয় সংসদে শোক প্রস্তাবের নিন্দা ও প্রতিবাদ

একাত্তরে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া যুদ্ধাপরাধীদের নামে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে শোক প্রস্তাব গ্রহণ করার প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)। এটিকে মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদ ও বর্বর নির্যাতনের শিকার কয়েক লাখ নারীর আত্মত্যাগের সঙ্গে চরম বিশ্বাসঘাতকতা বলে উল্লেখ করেছে দলটি। আজ শুক্রবার সিপিবির সভাপতি কাজী সাজ্জাদ জহির চন্দন ও সাধারণ সম্পাদক আবদুল্লাহ ক্বাফী রতন এক বিবৃতিতে এ প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে তারা বলেন, ”একাত্তরে গণহত্যা, গণধর্ষণ ও যুদ্ধাপরাধের সঙ্গে জড়িত রাজনৈতিক দল জামায়াতে ইসলামী, তাদের মতাদর্শ ও উত্তরাধিকার বহন করা ব্যক্তিবর্গ এবং বিভিন্ন দলে থাকা

তাদের তল্পিবাহক গোষ্ঠীর লোকেরা ত্রয়োদশ জাতীয় সংসদে আসন গ্রহণ করে দণ্ডিত ঘাতক-যুদ্ধাপরাধীদের নামে শোক প্রস্তাব গ্রহণের মধ্যদিয়ে যে ধৃষ্টতা দেখিয়েছে, তা ক্ষমার অযোগ্য। দেশের মানুষ এটা কখনোই ভুলবে না।„

**শোক প্রস্তাব থেকে যুদ্ধাপরাধীদের নাম প্রত্যাহারের দাবি**

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে যুদ্ধাপরাধীদের নামে শোক প্রস্তাব গ্রহণের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ)। একইসঙ্গে শোক প্রস্তাব থেকে যুদ্ধাপরাধীদের নাম এক্সপাঞ্জ (প্রত্যাহার) করার দাবি জানিয়েছে দলটি। বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ এক বিবৃতিতে এ দাবি জানিয়েছেন। বিবৃতিতে ফিরোজ রশীদ বলেন, ”ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে শোক প্রস্তাব গ্রহণকালে সরকার দলীয় চিফ হুইপ গণহত্যার সহযোগী স্বীকৃত রাজাকার-যুদ্ধাপরাধীদের নামে শোক প্রস্তাব গ্রহণের কথা বলেন। পরবর্তী সময়ে আমরা হতবাক হয়ে দেখলাম, সংসদের স্পিকার কর্তৃক তা গৃহীত হয়। এর মাধ্যমে বাংলাদেশের মানুষের দীর্ঘ লড়াই-সংগ্রাম থেকে উদ্ভূত গণচেতনাকে পদদলিত করার এক কলঙ্কময় নজির স্থাপিত হলো। দেশের আপামর জনগণ এ ঘটনাকে মুক্তিযুদ্ধ ও ৩০ লক্ষ শহিদের প্রতি চরম বিশ্বাসঘাতকতা বলে মনে করে এবং ধিক্কার জানায়।„ বিবৃতিতে আরো বলা হয়, ”এ ঘটনায় একাত্তরের মহান মুক্তিযুদ্ধসহ গত ৫৪ বছরে এই ভূখণ্ডে সংঘটিত গণ-আন্দোলনের চেতনাসমূহকে পদদলিত করা হয়েছে। ৫ আগস্ট-পরবর্তী বাংলাদেশে প্রত্যাশা ছিল এই নাটকের অবসান ঘটবে।„

**উদীচীর নিন্দা**

শোক প্রস্তাবের নিন্দা জানিয়ে ক্ষোভের সঙ্গে প্রত্যাখ্যান করেছে বাংলাদেশ উদীচী শিল্পী-গোষ্ঠী। একইসঙ্গে জাতীয় সংগীতের সময় উঠে না দাঁড়িয়ে বিরোধী দলের সংসদ সদস্যরা জাতীয় সংগীতের অবমাননা করেছেন অভিযোগ করে তাদের শাস্তির দাবি জানিয়েছে সংগঠনটি। এক বিবৃতিতে উদীচী কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি মাহমুদ সেলিম ও সাধারণ সম্পাদক অমিত রঞ্জন দে বলেন, ”আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার শেষে যাদের অপরাধ প্রমাণিত হয়েছে এবং যারা দণ্ডপ্রাপ্ত হয়েছেন, সেই সব কুখ্যাত যুদ্ধাপরাধী, রাজাকারদের নাম জাতীয় সংসদের শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত করা শুধু ইতিহাস কলঙ্কিত করা নয়, বরং মুক্তিযুদ্ধে শহিদদের প্রতিও চরম অবমাননা। জাতীয় সংসদ দেশের সর্বোচ্চ গণতান্ত্রিক প্রতিষ্ঠান। সেখানে এমন একটি কাজ দেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে প্রশ্নবিদ্ধ করে এবং নতুন প্রজন্মের কাছে ভুল বার্তা পৌঁছে দেয়।„ উদীচী নেতারা আরও বলেন, জাতীয় সংগীতের প্রতি অবমাননাকর আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। জাতীয় সংগীত শুধু একটি গান নয়, এটি আমাদের মুক্তিযুদ্ধ, আত্মত্যাগ ও জাতিসত্তার প্রতীক। এ ধরনের আচরণ দেশের সাংবিধানিক মূল্যবোধ এবং জাতির মর্যাদাকে ক্ষুণ্ণ করে। জাতীয় সংগীতের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের বিষয়ে সাংবিধানিকভাবেও বাধ্যবাধকতা রয়েছে।

**৪১ বিশিষ্ট নাগরিকের বিবৃতি**

মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত রাজাকারদের প্রতি শোক প্রস্তাব উত্থাপনের প্রতিবাদ জানিয়েছেন ৪১ জন কবি, লেখক, সাংবাদিক, গবেষক, উন্নয়নকর্মীসহ বিভিন্ন পেশার ব্যক্তি। আজ এক বিবৃতিতে এ প্রতিবাদ জানিয়েছেন তারা। তাদের বিবৃতিতে বলা হয়েছে, ”অবিলম্বে জাতীয় সংসদের কার্যবিবরণী থেকে এই শোক প্রস্তাবের অংশটুকু প্রত্যাহার করার জোর দাবি জানাচ্ছি। একইসঙ্গে ভবিষ্যতে যাতে সংসদ বা অন্য কোনো রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এ ধরনের বিতর্কিত পদক্ষেপ না নেওয়া হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার আহ্বান জানাচ্ছি।”

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৩.২০২৫ রুবাইয়া)

## বিয়ের পর বাড়ি ফেরার সময় দুর্ঘটনায় বর, কনেসহ মৃত ১৪

বৃহস্পতিবার দুপুরে বিয়ে হয়েছিল সাব্বির ও মিতুর। বিয়ের অনুষ্ঠান শেষ হওয়ার পর বিকেলে খুলনার কয়রা থেকে তারা মাইক্রোবাসে রওয়ানা হন বাগেরহাটের মোংলার উদ্দেশ্যে। সাব্বির ও মিতুর পরিবারের বেশ কয়েকজন ছিলেন ওই মাইক্রোবাসে। কিন্তু এ যাত্রা শেষ হয়ে যায় মোংলার শেলাবুনিয়া গ্রামে, সাব্বিরের বাড়ির মাত্র ১৩ কিলোমিটার আগে। বিকেল সাড়ে ৪টার দিকে খুলনা-বাগেরহাট মহাসড়কের বেলাই ব্রিজের কাছে একটি বাসের সঙ্গে সংঘর্ষ হয় মিতু-সাব্বির ও তাদের পরিবারের সদস্যদের বহনকারী প্রাইভেটকারটির। কাটাখালী হাইওয়ে থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) কে এম হাসানুজ্জামান জানান, নৌবাহিনীর একটি বাসের সঙ্গে মাইক্রোবাসটির মুখোমুখি সংঘর্ষ হয়। দুর্ঘটনায় মাইক্রোবাসটি দুমড়ে মুচড়ে যায়। এতে অন্তত ১৪ জন নিহত হন। খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক মেহনাজ মোশাররফ জানান, হাসপাতালের মর্গে নয়টি মরদেহ রাখা হয়েছে। পরে চিকিৎসাধীন আরো একজন মারা যান। রামপাল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুকান্ত কুমার পাল ডেইলি স্টারকে জানান, 'উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চারজনের মরদেহ রাখা হয়েছে।'

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রুবাইয়া)

### বাংলাদেশে এক সপ্তাহ মহাসড়কে ট্রাক চলাচল বন্ধ

ঈদে ঘরমুখী মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে যান চলাচলের বিষয়ে বেশকিছু নির্দেশনা দিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এর মধ্যে রয়েছে আগামী ১৭ মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরি চলাচল বন্ধ থাকবে। এতে আরও বলা হয়, ১৬ মার্চ থেকে জরুরি প্রয়োজন ছাড়া মহানগরের কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক পরিহার করে বিকল্প সড়ক ব্যবহারের অনুরোধ করা হলো। এসব সড়কের মধ্যে রয়েছে- ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের কুড়িল থেকে আবদুল্লাহপুর অংশ, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের গুলিস্তান থেকে সাইনবোর্ড অংশ, ঢাকা-আরিচা মহাসড়ক বা মিরপুর রোডের আড়ং ক্রসিং থেকে আমিনবাজার অংশ এবং ঢাকা-কেরানীগঞ্জ সড়কের ফুলবাড়িয়া থেকে তাঁতিবাজার হয়ে বাবুবাজার ব্রিজ অংশ। এ ছাড়া ঢাকা-মাওয়া মহাসড়কের গুলিস্তান থেকে বুড়িগঙ্গা ব্রিজ অংশ, মোহাম্মদপুর বছিলা ক্রসিং থেকে বছিলা ব্রিজ, আবদুল্লাহপুর থেকে ধউর ব্রিজ এবং ফুলবাড়িয়া থেকে সদরঘাট লঞ্চ টার্মিনাল সড়ক। গণপরিবহণ মালিক ও শ্রমিকদের জন্য নির্দেশনায় বলা হয়, আন্তঃজেলা বাসগুলোকে টার্মিনালের ভেতর থেকে যাত্রী উঠিয়ে সরাসরি গন্তব্যে যেতে হবে এবং কোনো অবস্থাতেই টার্মিনালের বাইরে প্রধান সড়কের ওপর বাস দাঁড় করানো যাবে না।

অনুমোদিত বাস কাউন্টার বা স্টপেজ ছাড়া মাঝপথে দাঁড়িয়ে যাত্রী ওঠানো-নামানো সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। একইসঙ্গে ঢাকা মহানগরে প্রবেশের প্রধান সড়কগুলোতে কোনো ধরনের বাস পার্কিং করা যাবে না। বিআরটিসির বাসগুলো সংশ্লিষ্ট ডিপো থেকে বের হয়ে সরাসরি নির্ধারিত জেলার উদ্দেশ্যে যাত্রা করবে। উদাহরণ হিসেবে বলা হয়েছে, কল্যাণপুর ও গাবতলী ডিপোর বাসগুলো সরাসরি রংপুর ও রাজশাহী বিভাগের দিকে যাবে এবং ফুলবাড়িয়া ও কমলাপুর ডিপোর বাসগুলো যাবে চট্টগ্রাম ও সিলেট বিভাগের দিকে। নির্ধারিত সময়সূচি অনুযায়ী, টার্মিনাল থেকে বাস ছাড়তে হবে এবং যাত্রীদের কাছ থেকে সরকার নির্ধারিত ভাড়ার বেশি আদায় করা যাবে না। যাত্রীদের সঙ্গে কোনো ধরনের দুর্ব্যবহার বা হয়রানি করা যাবে না এবং একই সিটের টিকিট একাধিক যাত্রীর কাছে বিক্রি করা দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে। বাসের সিটের অতিরিক্ত যাত্রী বহন বা বাসের ছাদে যাত্রী ওঠানোও যাবে না।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রুবাইয়া)

### যুদ্ধের কারণে ইসলামিক দেশগুলোর ডি-৮ শীর্ষ সম্মেলন স্থগিত

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে এপ্রিলে অনুষ্ঠেয়, ইরানসহ অন্যান্য মুসলিমপ্রধান উন্নত দেশের ডি-৮ জোটের শীর্ষ সম্মেলন স্থগিত করা হয়েছে। আজ শুক্রবার সম্মেলনের আয়োজক ইন্দোনেশিয়া এ সিদ্ধান্ত জানিয়েছে। চারদিনের এই সম্মেলন ১২ এপ্রিল শুরু হয়ে ১৫ এপ্রিল শেষ হওয়ার কথা ছিল। সম্মেলন স্থগিত করা হলেও, নতুন কোনো তারিখ জানানো হয়নি। ইরান এবং ইন্দোনেশিয়া ছাড়া ডি-৮ অর্থনৈতিক সহযোগিতা সংস্থার বাকি সদস্যরা হলো আজারবাইজান, বাংলাদেশ, মিশর, মালয়েশিয়া, নাইজেরিয়া, পাকিস্তান এবং তুরস্ক। শুক্রবার ইন্দোনেশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা ত্রি থারিয়াত রাজধানী জাকার্তায় সম্মেলন স্থগিত করার বিষয়ে সাংবাদিকদের বলেন, ”এটা দুঃখজনক যে, মধ্যপ্রাচ্যে) উত্তেজনা হ্রাসের কোনো লক্ষণ এখনো দেখা যাচ্ছে না। গত রাতে (ইন্দোনেশিয়ার) পররাষ্ট্রমন্ত্রী তার প্রতিপক্ষদের (সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের) কাছে লেখা একটি চিঠিতে স্বাক্ষর করেছেন, সেখানে ডি-৮ শীর্ষ সম্মেলন স্থগিত করার ঘোষণা দেওয়া হয়েছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### গণ-অভ্যুত্থানের নেতাদের বিরুদ্ধে মামলা চেষ্টা সুপরিকল্পিত আঘাত : নাহিদ

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম বলেছেন, আসিফ মাহমুদকে প্রধান আসামি করে জুলাই বিপ্লবের নেতৃত্বদানকারী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের বিরুদ্ধে অভ্যুত্থানকালীন ভূমিকা নিয়ে মামলা করার অপচেষ্টা হয়েছে। তবে আদালত মামলাটি নেয়নি। তিনি বলেন, গণ-অভ্যুত্থান পরবর্তী নতুন বাংলাদেশে এ ধরনের অপচেষ্টা উদ্বেগজনক ও নিন্দনীয়। এটি কোনো ব্যক্তির বিরুদ্ধে বিচ্ছিন্ন পদক্ষেপ নয়, বরং জুলাই বিপ্লবের চেতনা, ফ্যাসিবাদবিরোধী সংগ্রাম এবং সেই সংগ্রামের তরুণ নেতৃত্বের বিরুদ্ধে একটি সুপরিকল্পিত রাজনৈতিক আঘাত। শুক্রবার দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলেন তিনি। নাহিদ ইসলাম বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন বর্তমানে দেশের তরুণ প্রজন্মের সাম্য, ন্যায়বিচার, মানবিক মর্যাদা, গণতন্ত্র ও ফ্যাসিবাদবিরোধী সংগ্রামের প্রতীক হয়ে উঠেছে। এ আন্দোলনের নেতৃত্বদানকারী ছাত্রদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা দায়েরের অপচেষ্টা প্রমাণ করে যে, ৫ আগস্টে পরাজিত শক্তি এখনো বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

### রাষ্ট্রপতি চুপ্পুকে অপসারণ করে গ্রেফতার করতে হবে : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, ফ্যাসিস্টের দোসর রাষ্ট্রপতি চুপ্পুকে অতি দ্রুত অভিশংসনের মাধ্যমে অপসারণ করে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হবে। পাশাপাশি, তাকে গ্রেফতার করতে হবে। শুক্রবার

এনসিপির ময়মনসিংহ বিভাগীয় ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। নাহিদ বলেন, ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের অনেক অভিযোগ ও সমালোচনা থাকা স্বত্বেও সংসদকে সম্মান জানিয়ে সেখানে গিয়েছিলাম। বৃহস্পতিবার সংসদে আমরা খুব আন্তরিকতার সঙ্গে পার্টিসিপ্যান্ট করলেও দেখা গেল ফ্যাসিবাদের দোসর রাষ্ট্রপতি চুপ্পুকে বক্তব্য দিতে দেওয়া হলো। এটি করে জুলাইয়ের আকাঙ্ক্ষার ভিত্তিতে যে সংসদ, সে সংসদের সঙ্গে এক ধরনের প্রতারণা করা হলো। তিনি বলেন, স্পিকারকে আমরা বলেছিলাম, রাষ্ট্রপতির বক্তব্যের বিষয়ে আমাদের বক্তব্য রয়েছে। সেই বক্তব্য যেন আমাদের দিতে দেওয়া হয়। কিন্তু আমাদের বাদ দিয়ে তিনি রাষ্ট্রপতিকে বক্তব্য দিতে দিয়েছেন। ফলস্বরূপ, আমরা প্রতিবাদ জানিয়ে ওয়াকআউট করে চলে এসেছি। আমরা আহ্বান জানাবো- অতি দ্রুত এই ফ্যাসিস্ট, দোসর চুপ্পুকে অভিশংসনের মাধ্যমে অপসারণ করে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হবে এবং তাকে গ্রেফতার করতে হবে। কারণ, তিনি শপথ ভঙ্গ করেছেন। তার বিরুদ্ধে আর্থিক দুর্নীতি রয়েছে এবং তিনি গণহত্যা চলাকালীন নির্বিকার ভূমিকা রেখেছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## জিয়াউর রহমান-খালেদা জিয়ার সমাধিতে স্পিকার ও ডেপুটি স্পিকারের শ্রদ্ধা

ত্রয়োদশ জাতীয় সংসদের নবনির্বাচিত স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম ও ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন। শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে সেখানে ফাতেহা পাঠ, দোয়া ও পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তারা শ্রদ্ধা জানান। জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীরাও উপস্থিত ছিলেন সেখানে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## অবস্থার অবনতি হওয়ায় মীর্জা আব্বাসের মস্তিষ্কে অস্ত্রোপচার

এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাসের মস্তিষ্কে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নিয়েছে মেডিক্যাল বোর্ড। বর্তমানে তার অস্ত্রোপচার চলছে। বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. রফিকুল ইসলাম শুক্রবার বিকেলে এ তথ্য জানান। তিনি বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে গঠিত মেডিক্যাল বোর্ড সবকিছু পর্যালোচনা করে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসের মস্তিস্কে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নিয়েছে। বিকাল ৩টার পর ওনাকে অপারেশন থিয়েটারে নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, এর আগে সকালে ওনার সিটি স্ক্যান করা হয়েছিল। সেই রিপোর্টে অবস্থার অবনতি হলে দ্রুত একটি ভার্চুয়াল মেডিক্যাল বোর্ড বসে এবং সবকিছু দেখে এই অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেয়। পরিবারের সদস্যদের সম্মতিও নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## সরকার সব ক্ষেত্রে মেধার গুরুত্ব দেবে : মির্জা ফখরুল

তদবির নয়, সরকার সব ক্ষেত্রে মেধার গুরুত্ব দেবে বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার বিকেলে রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে ঠাকুরগাঁও জেলা সমিতির এক ইফতার অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, "আমাদের ছেলেরা খালি ঘুরে ঘুরে চাকরি খোঁজে। এভাবে চাকরি তো পাওয়া যাবে না, চাকরি তো অসম্ভব। এ জন্য আমাদের নিজেদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে, বিনিয়োগ করতে হবে, ছোটো ছোটো উদ্যোগ নিয়ে কাজ করতে হবে।„ স্থানীয় সরকার মন্ত্রী বলেন, "বিশ্বাস করেন, সকাল ৯টা থেকে রাত ১২টা পর্যন্ত খালি তদবির। সেই তদবিরগুলো হচ্ছে পোস্টিং-টোস্টিং এই সমস্ত বিষয়ে।„
(জাগো নিউজ ওয়েবো পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## রোববার থেকে পর্যাপ্ত জ্বালানি পাবে গণপরিবহন, ভাড়া বাড়ার আশঙ্কা নেই

ঈদযাত্রা সামনে রেখে গণপরিবহণের জন্য আগামী রোববার থেকে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ নিশ্চিত করা হবে। জ্বালানি তেলের দাম বাড়ানো হবে না। ফলে জ্বালানি সংকটের কারণ দেখিয়ে গণপরিবহণে ভাড়া বাড়ার কোনো আশঙ্কা নেই। শুক্রবার ঈদযাত্রার প্রথম দিনে কমলাপুর রেলওয়ে স্টেশন পরিদর্শনে গিয়ে এসব কথা বলেছেন সড়ক পরিবহণ ও সেতু, রেলপথ এবং নৌ পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলছেন, জ্বালানি মন্ত্রী আমাকে এ বিষয়ে আশ্বস্ত করেছেন। ঈদযাত্রায় পরিবহণ সংকট হওয়ারও কোনো সুযোগ নেই। সড়ক পরিবহণ মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী রেল যোগাযোগকে যুগোপযোগী ও জনবান্ধব করতে নির্দেশনা দিয়েছেন, যেন মানুষ স্বল্প সময়ে স্বাচ্ছন্দ্যে দীর্ঘ দূরত্বে যাতায়াত করতে পারে। সেই লক্ষ্যেই সরকার রেল যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তনের জন্য কাজ করছে। ঈদযাত্রার চ্যালেঞ্জের বিষয়ে তিনি জানান, মাত্র দুই থেকে তিনদিনের মধ্যে প্রায় ১ কোটি ২৫ লাখ থেকে দেড় কোটি মানুষ ঢাকা ছাড়েন, যা বিশ্বের খুব কম শহরেই দেখা যায়। এত স্বল্প সময়ে এত মানুষের যাতায়াত বড়ো একটি চ্যালেঞ্জ হলেও সরকার তা মোকাবিলায় সর্বোচ্চ চেষ্টা করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## রংপুরে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই চালক নিহত

রংপুরের তারাগঞ্জে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই চালক নিহত হয়েছেন। শুক্রবার সকাল সাড়ে ৭টার দিকে রংপুর-দিনাজপুর মহাসড়কের তারাগঞ্জ হাজীপুর এলাকার খারুভাজ ব্রিজের পাশে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় একজন চালকের সহকারী গুরুতর আহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, পঞ্চগড় থেকে ছেড়ে আসা রংপুরগামী পাথরবোঝাই একটি ট্রাক এবং রংপুর থেকে সৈয়দপুরমুখী ইউরিয়া সার বোঝাই বিআরটিসি ট্রাকটি রংপুর-দিনাজপুর মহাসড়কের তারাগঞ্জ হাজীপুর খারুভাজ এলাকায় পৌঁছালে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুই ট্রাকের সামনের কেবিন দুমড়েমুচড়ে যায়। ঘটনাস্থলে পাথরবোঝাই ট্রাকের চালক ইদ্রিস আলী  নিহত হন। তিনি ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার জলুলী গ্রামের মৃত রহিদুল ইসলামের ছেলে। অপরদিকে বিআরটিসি ট্রাকের চালকও ঘটনাস্থলে নিহত হন। তবে তাৎক্ষণিক তার পরিচয় জানা যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## এবার কড়া নিরাপত্তা ব্যবস্থায় ঈদ কেনাকাটায় স্বস্তি

ঈদ আসতে আর বেশি দেরি নেই। মুসলমানদের এই ধর্মীয় উৎসবকে কেন্দ্র করে কেনাকাটার ধুম পড়ে গেছে শহর কিংবা গ্রামের ছোটো-বড়ো সব শপিংমলে। রাজধানীতে সকাল থেকে মধ্যরাত পর্যন্ত খোলা থাকছে দোকান-পাট। বিশেষ করে, সন্ধ্যার পর ঢল নামছে ক্রেতাদের। তবে, এবার নিরাপত্তা নিয়ে অনেকটাই স্বস্তিতে সাধারণ মানুষ। যদিও ঈদের কেনাকাটা করতে গিয়ে কিশোর গ্যাং ও ছিনতাইকারীর আতঙ্ক পিছু ছাড়ছে না। তবে যে-কোনো মানুষের নিরাপত্তায় সতর্ক রয়েছে আইন-শৃঙ্খলা বাহিনী। ঢাকায় জোরদার করা হয়েছে পুলিশের টহল কার্যক্রম। সাদা পোশাকেও চলছে নজরদারি। বিগত বছর এ সময়ে ঈদ কেনাকাটায় কিশোর গ্যাং ও ছিনতাইকারীর উৎপাতে আতঙ্কিত ছিল নগরবাসী। অতীতের আইন-শৃঙ্খলা বাহিনীর দুর্বলতা থেকে শিক্ষা নিয়ে অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে এবার নগরবাসীর নিরাপদ কেনাকাটায় নিরাপত্তা নিশ্চিতে কাজ করছে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। তারা বলছেন, এবার নগরবাসীর কেনাকাটায় নিরাপত্তা নিশ্চিতে যে-কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে আগাম প্রস্তুতি নিয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। রাজধানীর গুরুত্বপূর্ণ শপিংমল, মার্কেট ও ব্যস্ত বাণিজ্যিক এলাকায় বাড়ানো হয়েছে টহল কার্যক্রম। পাশাপাশি, সাদা পোশাকে নজরদারিও রয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীর। একইসঙ্গে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি জনগণকে সচেতনতার আহ্বান জানিয়েছেন তারা। এছাড়া, নগরবাসীর নিরাপত্তা নিশ্চিতে পুলিশের ঊর্ধ্বতনদের থেকেও রয়েছে বিশেষ নির্দেশনা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## অ্যানথ্রাক্স আক্রান্ত গরুর মাংস খেয়ে ৬ জন অসুস্থ

নাটোরের গুরুদাসপুরে অ্যানথ্রাক্স আক্রান্ত গরু জবাই করে খাওয়ার পর অসুস্থ হয়েছে পড়েছেন অন্তত ৬ জন। এদের মধ্যে গুরুতর অসুস্থ তিনজনকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। উপজেলার ধারাবারিষা ইউনিয়নের চলনালী গ্রামে এই ঘটনা ঘটে। গ্রামবাসী জানান, কয়েকদিন আগে উপজেলার ধারাবারিষা ইউনিয়নের চলনালী গ্রামে আবদুল গফুর সরকারের একটি গরু হঠাৎ পেটফাঁপা হয়ে অসুস্থ হয়ে পড়ে। পরে গ্রামের কয়েকজন গরুটি জবাই করে মাংস ভাগাভাগি করে নেন। গরুর মাংস কাটাকাটি, রান্না ও খাওয়ার সঙ্গে জড়িত ব্যক্তিরা কয়েকদিন পর অসুস্থ হয়ে পড়েন। তাদের শরীরের বিভিন্ন স্থানে ফোঁড়ার মতো ফোলা তৈরি হয়। পরে তারা হাসপাতালে চিকিৎসা নিতে যান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ এস এম আলমাছ আলী জানান, চলনালী গ্রামের ছয়জন রোগী চিকিৎসা নিতে এসেছিলেন। তাদের মধ্যে তিনজনকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিক্যালে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অ্যানথ্রাক্স আক্রান্ত গরুর মাংস খাওয়া বা স্পর্শ করার কারণে তারাও ওই রোগে আক্রান্ত হয়ে থাকতে পারেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## মুক্তিযোদ্ধা-রাজাকারের তালিকার ভুল সংশোধন করা হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আজম খান বলেছেন, রাজাকারের তালিকায় অনেক প্রকৃত মুক্তিযোদ্ধার নাম ঢুকে গেছে। একইসঙ্গে ভুয়া মুক্তিযোদ্ধার বিষয়েও অভিযোগ রয়েছে। এসব চিহ্নিত করে সংশোধনের উদ্যোগ নেওয়া হবে। শুক্রবার বিকেলে রাজধানীর জিয়া উদ্যানে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও প্রয়াত প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। আহমেদ আজম খান বিকেল সোয়া ৩টার দিকে কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সরকার যে দায়িত্ব দিয়েছে, তা নিষ্ঠার সঙ্গে পালনের চেষ্টা করা হবে জানিয়ে মন্ত্রী বলেন, ”প্রধানমন্ত্রীর নেতৃত্বে আমরা যেন ঠিকভাবে কাজ করতে পারি এবং যে দায়িত্ব আমাদের দেওয়া হয়েছে, তা যেন সততার সঙ্গে পালন করতে পারি।„(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## নেত্রকোণায় বজ্রপাতে কৃষকসহ ২ জনের মৃত্যু

নেত্রকোণার দুর্গাপুরে বজ্রপাতে আকাশ মিয়া নামে এক যুবকের মৃত্যু হয়েছে। শুক্রবার দুপুরে উপজেলার চন্ডিগড় ইউনিয়নের আলমপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আকাশ মিয়া ওই এলাকার মজিবুর রহমানের ছেলে। বিষয়টি নিশ্চিত

করেছেন স্থানীয় ইউপি সদস্য খোকন মিয়া। জানা যায়, আকাশ মিয়া পেশায় রাজমিস্ত্রি ছিলেন। শুক্রবার দুপুরে কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হলে হঠাৎ বৃষ্টি ও বজ্রপাত শুরু হয়। এক পর্যায়ে ধানক্ষেতের পাশে তাকে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। পরে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এদিকে, খালিয়াজুরি উপজেলার পাঙ্গাসিয়া হাওরে বিকেলে আকস্মিক বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে। পুলিশ ও স্থানীয়রা জানায়, উপজেলা চাকুয়া ইউনিয়নের নলসিটি হাওর থেকে গরুকে ঘাস খাওয়ানো শেষে বাড়িতে ফেরার পথে চাকুয়া গ্রামের রাজেন্দ্র সরকারের ছেলে কৃষক সুদিন সরকার বজ্রপাতে ঘটনাস্থল গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে খালিয়াজুরী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসা মৃত ঘোষণা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## জাতীয় স্মৃতিসৌধে নবনিযুক্ত দুই মন্ত্রীর শ্রদ্ধা

সাভারের জাতীয় স্মৃতিসৌধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন নবনিযুক্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আজম খান এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনাম। শুক্রবার বিকেলে তারা জাতীয় স্মৃতিসৌধের শহিদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে তারা কিছু সময় নীরবতা পালন করেন। পরে দুইজনই স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন। শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আজম খান বলেন, মুক্তিযুদ্ধের ৫৫ বছরেও রাজাকার ও মুক্তিযোদ্ধার তালিকা নিয়ে এখনও বিতর্ক রয়েছে। এসব বিতর্ক অবসানের জন্য সবার সহযোগিতা নিয়ে কাজ করে যাবো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## এসএসসি ও পাবলিক পরীক্ষার আইন পরিবর্তন করা হবে : শিক্ষামন্ত্রী

এসএসসি ও অন্যান্য পাবলিক পরীক্ষার আইন পরিবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, পরীক্ষা ব্যবস্থা আরও কার্যকর ও আধুনিক করতে সরকার এ আইন সংস্কারের বিষয়ে কাজ করছে। শুক্রবার দুপুরে, চাঁদপুরের কচুয়া উপজেলায় জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী, আগামী ২১ এপ্রিল থেকে শুরু হতে যাওয়া এসএসসি ও সমমান পরীক্ষায় নতুন আইন বাস্তবায়ন সম্ভব হবে না। তাই বিদ্যমান নিয়ম অনুযায়ী, পরীক্ষাগুলো সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান তিনি। তিনি বলেন, দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে অনেক শিক্ষানুরাগী ব্যক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। সমাজে যাদের শিক্ষা, অভিজ্ঞতা ও অবদান রয়েছে, তাদের শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় কীভাবে অন্তর্ভুক্ত করা যায়, তা নিয়ে সরকার গুরুত্ব সহকারে আলোচনা করছে। এ বিষয়ে সংসদ সদস্য ও প্রধানমন্ত্রী পর্যায়েও আলোচনা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## ডিজেল সংকটে সেচ পাচ্ছেন না হাওরের চাষীরা, বোরো ফলন নিয়ে শঙ্কা

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রভাবে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ব্যাহত হওয়ায়, কিশোরগঞ্জে ডিজেলের তীব্র সংকট দেখা দিয়েছে। এতে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন হাওরাঞ্চলের বোরো চাষীরা। ধানের শীষ বের হওয়ার এই মাহেন্দ্রক্ষণে প্রয়োজনীয় সেচ দিতে না পারায় কাঙ্ক্ষিত ফলন নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। কৃষকদের অভিযোগ, জেলার বিভিন্ন হাওর এলাকায় খুচরা বাজারে ডিজেল প্রায় উধাও হয়ে গেছে। দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়েও ফিলিং স্টেশন থেকে প্রয়োজনমতো জ্বালানি পাওয়া যাচ্ছে না। যেখানে তেল পাওয়া যাচ্ছে, সেখানেও দাম বাড়িয়ে বিক্রি করা হচ্ছে। আগের প্রতি লিটার ১০৫-১১০ টাকায় বিক্রি হতো, এখন তা ১২০-১৩০ টাকার মধ্যে পৌঁছেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সাধারণত ডিসেম্বর থেকে জুন পর্যন্ত বোরো ধানের মৌসুম চলে। এই সময়ে হাওরের বিস্তীর্ণ জমিতে ধানের গাছ থেকে শীষ বের হতে শুরু করে। সেচের ওপরই নির্ভর করে ধানের ফলন। কিন্তু ডিজেলচালিত সেচ পাম্প চালাতে না পারায় অনেক জমিতে সেচ দেওয়া ব্যাহত হচ্ছে। করিমগঞ্জ হাওরের কৃষক রুস্তম আলী জানালেন, ধানের জমিতে নিয়মিত সেচ দেওয়াই এখন প্রয়োজন। কিন্তু ফিলিং স্টেশন বা বাজারে গেলে ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়াতে হয়। তবুও প্রয়োজন মতো ডিজেল পাওয়া যায় না। আগের থেকে প্রতি লিটারে ২০ টাকা বেড়েছে, তাও সঠিক পরিমাণে ডিজেল নেই। দোকানদাররা বলছে, ইরান-আমেরিকার সংঘাতের কারণে তেলের দাম বেড়ে গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

## ৫ দিন দেশজুড়ে বজ্রসহ বৃষ্টির আভাস

চলতি মার্চের শুরু থেকে দেশের বিভিন্ন স্থানে অস্থায়ীভাবে বৃষ্টি শুরু হয়েছে। বৃষ্টিপাতের এ প্রবণতা ক্রমশ বাড়ছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, প্রাক-বর্ষা মৌসুমে এটি স্বাভাবিক বৃষ্টি। চলতি মাসে অনিয়মিতভাবে তা চলবে। শুক্রবার সন্ধ্যায় অধিদপ্তরের আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়, ১৭ মার্চ পর্যন্ত আগামী পাঁচদিন দেশজুড়ে অস্থায়ীভাবে বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে। রাতে আবহাওয়াবিদ তরিফুল নেওয়াজ কবির জাগো নিউজকে

বলেন, ”এখন বসন্ত মৌসুম হলেও এটাকে আমরা প্রাক-বর্ষা ধরি। এখন হঠাৎ যে-কোনো সময় বৃষ্টি হবে, শিলা ঝরবে, বিদ্যুৎ চমকাবে ও বজ্রসহ বৃষ্টি হবে। এগুলো এই মৌসুমের বৃষ্টির বৈশিষ্ট্য।„ বৃহস্পতিবার সিলেটে ৮৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে। অন্যদিকে গরমও বাড়বে। শনিবার সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে বলে জানান তরিফুল। তিনি বলেন, ”এখন ধীরে ধীরে বৃষ্টি বাড়বে। আমরা সাধারণত সর্বোচ্চ পাঁচদিনের পূর্বাভাস দিয়ে থাকি। মাসের বাকি দিনগুলোতেও বিচ্ছিন্নভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।„ শুক্রবার সন্ধ্যায় আবহাওয়া অফিসের নিয়মিত পূর্বাভাসে বলা হয়, শনিবার ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু জায়গায় এবং রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে
(জাগো নিউজ ওয়েব পেজ:১৩.০৩.২০২৬ আসাদ)

# BBC

**US AGENCIES ‘ACROSS ALL POTENTIAL THREATS TO KEEP AMERICANS SAFE’**

A journalist brings up reporting from Thursday that Iran was targeting the US state of California, which the White House later said wasn’t true. Hegseth is asked if Iran has the capability to conduct a such a strike. He says that US agencies remain across all potential threats to keep Americans safe, and that the reports “had no impact on us”. Iran has said they can do many things over time, including “engaging their proxies and getting them involved in the fight”, which they haven’t been able to do, Hegseth adds.
(BBC News Web Page: 13/03/26, FARUK)

**DEFENCE SECRETARY ACCUSES IRAN OF ‘DESPERATION’ IN STRAIT OF HORMUZ**

Hegseth says Iran has no air force, air defence, or navy, and that their missile launchers are being destroyed. Iran’s missile volume is down 90%, and their one-way attack drones down 95%, he adds. “But it’s not just that Iran doesn’t have a functioning air force, or their entire navy is at the bottom of the Persian gulf, or their missile force is shrinking daily, even more importantly, they also don’t have the ability to build more,” he says. He adds that very soon all of Iran’s defence companies “will be destroyed”. Iran is exercising “sheer desperation” in the Strait of Hormuz – the world’s busiest oil shipping channel – but that’s “something we’re dealing with”, he says. (BBC News Web Page: 13/03/26, FARUK)

**IRANIAN MISSILES LAUNCHED TOWARDS ISRAEL: IDF**

The Israel Defense Forces (IDF) says Iranian missiles have been launched towards its territory. “The IDF identified that a short time ago, missiles were launched from Iran toward the territory of the State of Israel. Defense systems are operating to intercept the threat,” it says in a statement. It comes after Israel launched further strikes towards Tehran earlier this morning. (BBC News Web Page: 13/03/26, FARUK)

**GERMANY’S MERZ SAYS US EASING SANCTIONS ON RUSSIAN OIL IS ‘WRONG’**

Germany’s Chancellor Friedrich Merz says the easing of sanctions on the use of Russian oil is “wrong”. Speaking on a visit to Norway, Merz says “we believe it is wrong to ease sanctions now”. “There is currently a problem with prices, but not with supply,” he says. “And in that respect, I would like to know what other factors led the US government to take this decision.” He says Germany will not be “deterred or distracted” from its support of Ukraine by the Iran conflict. (BBC News Web Page: 13/03/26, FARUK)

**OIL RIG FIRE REPORTED OFF COAST OF UAE: MARITIME SECURITY FIRM**

A merchant vessel has reported a fire on an oil rig off the coast of the United Arab Emirates, according to a maritime security company. The cause of the fire north-west of Dubai’s Jebal Ali port is being investigated, says Ambrey, nothing that there’s been no damages to any ships or injuries to crews. The incident is a reminder of continuing insecurity for oil production and exports in the region, with attacks on ships and ports. Yesterday two oil tankers were set ablaze in Iraq’s territorial waters near Basra port. Iran claimed the attack, saying it used an underwater drone. Other reports described the weapon as a drone boat, an unmanned speedboat carrying explosives. (BBC News Web Page: 13/03/26, FARUK)

**KREMLIN SAYS RUSSIAN AND US INTERESTS ALIGN AS SANCTIONS LIFTED**

The Kremlin says Russian and US interests coincide after the Trump administration loosened sanctions on the purchase of Russian oil as a result of the conflict with Iran. Oil prices have spiked in recent days as the war has escalated in the Middle East. In a statement transcribed by Reuters, Kremlin spokesman Dmitry Peskov says that Russia sees

"the United States taking action in an attempt to stabilize energy markets; in this regard, our interests align". (BBC News Web Page: 13/03/26, FARUK)

**RUSSIA & IRAN WANT TO 'HIJACK GLOBAL ECONOMY': UK FOREIGN SECRETARY**

Russia and Iran are attempting to "hijack the global economy" as traffic through the Strait of Hormuz is restricted by attacks, UK Foreign Secretary Yvette Cooper says. Iran's new Supreme Leader Mojtaba Khamenei yesterday vowed to block shipping in the channel, in retaliation for ongoing US-Israeli strikes on his country. Overnight the US temporarily eased sanctions on the purchase of Russian oil. Cooper says the links between Russia and Iran have been seen "over an extended period of time", adding that both countries show connections in their "approach" and "tactics". Avoiding criticism of the US announcement on sanctions, Cooper calls that decision a "specific, targeted issue".
(BBC News Web Page: 13/03/26, FARUK)

**UK FOREIGN SECRETARY VISITS BRITISH TROOPS IN SAUDI ARABIA**

Yvette Cooper has visited an Air Defence unit of the British Army operating in the Saudi desert. She tells the BBC the detachment of soldiers from the Royal Artillery is part of the UK's ongoing defence commitment to Saudi Arabia and its Gulf Arab neighbours. The deployment, codenamed Operation Crossways, began in 2022 but has become more visit as Iran launches daily attacks against its Arab neighbours using drones, cruise and ballistic missiles. The UK Defence Attache to Riyadh, Brigadier Ben Wilde, says Iran is primarily targeting US forces in the region, rather than British ones, as well as going after economic targets. (BBC News Web Page: 13/03/26, FARUK)

**BLASTS HEARD NEAR TEHRAN MARCH**

Iranian state media is reporting that huge explosions have been felt in central Tehran. Thousands of Iranians are taking part in a march for Quds Day, which is in support of Palestinians. Some of the explosions were reportedly heard not far from where the demonstration is taking place. BBC Persian has verified multiple videos of the aftermath of the explosions that are circulating on social media.
(BBC News Web Page: 13/03/26, FARUK)

**NATO ASSETS DESTROY IRANIAN MISSILE IN TURKISH AIRSPACE**

A missile launched from Iran has been destroyed by Nato "assets", according to Turkey's defence ministry. "A ballistic munition launched from Iran and entering Turkish airspace was neutralized by Nato air and missile defence assets deployed in the eastern Mediterranean," the ministry says in a statement posted on X. It says that "all necessary measures are being taken decisively" towards threats against the country and its airspace.
(BBC News Web Page: 13/03/26, FARUK)

**4 KILLED AFTER US REFUELLING PLANE CRASHES IN IRAQ: MILITARY CONFIRMS**

Four of six crew aboard a US military refuelling aircraft have died after it crashed in western Iraq, US Central Command (Centcom) says. Rescue efforts continue after the loss of the KC-135, it said, having earlier said neither hostile nor friendly fire were involved in the downing of the aircraft. The tanker had been involved in ongoing US operations against Iran, and was one of two aircraft involved in the incident. The second landed safely. The Boeing-manufactured aircraft are capable of refuelling planes midair and typically play a major role in US military operations. They were used extensively in the first Gulf War to extend the range of fighter jets and bombers. (BBC News Web Page: 13/03/26, FARUK)

## :: THE END ::